

প্রেস বিজ্ঞপ্তি
'বে-টার্মিনাল' নির্মাণে জমি অধিগ্রহণ করা হচ্ছে

ঢাকা, ২৪ সেপ্টেম্বর;

চট্টগ্রাম বন্দরের কন্টেইনার হ্যাভলিং এর সক্ষমতা আরো বৃদ্ধির লক্ষ্যে 'বে-টার্মিনাল' নির্মাণের জন্য ৮৯০ একর জমি অধিগ্রহণ করা হচ্ছে। এর মধ্যে ব্যক্তিমালিকানাধিন প্রায় ৬৯ একর জমির জন্য অধিগ্রহণ মূল্য ৩৫২ কোটি ৬২ লাখ টাকা হস্তান্তর করা হয়েছে। বাকি প্রায় ৮২১ একর জমির অধিগ্রহণ প্রক্রিয়া অব্যাহত আছে।

আজ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক সভায় এসব তথ্য জানানো হয়। নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান এম.পি বৈঠকে সভাপতিত্ব করেন।

অধিগ্রহণকৃত জমিতে ডেলিভারী ইয়ার্ড নির্মাণের কাজটি দ্রুত শুরু করতে সভায় গুরুত্বারোপ করা হয়।

উল্লেখ্য, 'বে-টার্মিনাল'টি নির্মিত হলে ১০ থেকে ১২ মিটার গভীরতা সম্পন্ন জাহাজ সহজে বার্থিং করতে পারবে। ফলে জাহাজের টার্ন এয়ারাউন্ড টাইম কমে আসবে। ব্যবসায়ীদের সময় ও অর্থ সাশ্রয় হবে এবং বন্দরের সেবার মান বৃদ্ধি পাবে। আশা করা যাচ্ছে ২০২৩ সালের মধ্যে বে-টার্মিনালের প্রাথমিক পর্যায়ের নির্মাণ কাজ শেষ হবে।

এসময় অন্যান্যের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন) মোঃ জাফর আলমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)
৫৮৬১৬৮৭০ (বাসা)
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com